ঢাকা সিটি কলেজ
স্থাপিত-১৯৫৭
রোড নং-২, ধানমণ্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ৫৮৬১০২৯৪; ফ্যাক্স : ৯৬৭৫৫২৯
www.dhakacitycollege.edu.bd

সূত্র নং

তারিখ : ৩১/১০/২০২০

# নোটিশ

ঢাকা সিটি কলেজ বিজ্ঞান বিভাগের একাদশ ও দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, '৪১তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড ২০২০ (ঢাকা দক্ষিণ)' আগামী ০৮ ও ০৯ নভেম্বর, ২০২০ তারিখ নটরডেম কলেজ, মতিঝিল ঢাকা-১০০০ এ অনুষ্ঠিত হবে।

ঢাকা সিটি কলেজের বিজ্ঞান বিভাগের যে সকল ছাত্র-ছাত্রী যাদের পূর্বে 'অলিম্পিয়াড' ও 'প্রকল্প' এ অংশগ্রহণের অভিজ্ঞতা আছে তাদের মধ্য থেকে ৬ জন ছাত্র-ছাত্রীকে উক্ত বিজ্ঞান মেলায় অংশগ্রহণের জন্য বাছাই করা হবে। আগ্রহী ছাত্র-ছাত্রীদের বাছাইয়ে অংশগ্রহণের লক্ষ্যে আগামী ০২ নভেম্বর ২০২০ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকায় স্বাস্থ্য বিধি মেনে কলেজ প্রাঙ্গণে উপস্থিত থাকতে বলা হচ্ছে।

31.10.2020

অধ্যক্ষ
ঢাকা সিটি কলেজ
ঢাকা।

একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা শিক্ষা অফিসারের কার্যালয়

ঢাকা।

ই-মেইল: deodhaka@gmail.com

স্মারক নং-জেশিঅ/ঢা/২১১১

তারিখ: ১৮-১০-২০২০

বিষয়: ৪১তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড ২০২০, (ঢাকা দক্ষিণ) অংশগ্রহনের আমন্ত্রণ প্রসঙ্গে।

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৮ ও ০৯ নভেম্বর, ২০২০ তারিখ নটর ডেম কলেজ, মতিঝিল, ঢাকা-১০০০ এ ৪১তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড ২০২০ **(ঢাকা দক্ষিণ)** অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, সংযুক্ত পত্রের মর্মানুযায়ী তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে বিষয়টি অবহিত করত: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

**উল্লেখ্য যে, আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে আগামী ০৪ নভেম্বর, ২০২০ ইং তারিখের মধ্যে সংযুক্ত রেজিস্ট্রেন ফরম পুরণপূর্বক অধ্যক্ষ, নটর ডেম কলেজ এর নিকট ই-মেইল মাধ্যমে জমা দিতে হবে।**

২৭.১০.২০২০

(মো: বেনজীর আহম্মদ)
জেলা শিক্ষা অফিসার
ঢাকা।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
নবাবগঞ্জ/ কেরাণীগঞ্জ/ দোহার/ শ্যামপুর/
কোতয়ালী/ ডেমরা/ মতিঝিল/ রমনা/ লালবাগ/
ধানমন্ডি , ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)-

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।।
০২। জেলা প্রশাসক, ঢাকা।
০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঢাকা।
০৫। সহকারী কমিশনার (শিক্ষা শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
০৬। অধ্যক্ষ, নটর ডেম কলেজ, ঢাকা।
০৭। অফিস নথি।

E:\Backup 30-06-2016\rayhan\USEO Office Foroading.docx

# ৪১তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড ২০২০

(ঢাকা দক্ষিণ)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। (শিক্ষা শাখা)

---

তারিখঃ

বরাবর,

----------------------

----------------------

----------------------

বিষয়ঃ ৪১ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড ২০২০, (ঢাকা দক্ষিণ) অংশগ্রহণের আমন্ত্রণ প্রসঙ্গে।

মহোদয়,

আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, আগামী **২৮ ও ২৯ অক্টোবর, ২০২০ইং** তারিখ নটর ডেম কলেজ, মতিঝিল, ঢাকা-১০০০ এ ৪১তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড ২০২০ (ঢাকা দক্ষিণ) অনুষ্ঠিত হবে। বিজ্ঞান সপ্তাহের মূল বানী " খাদ্য নিরাপত্তায় বিজ্ঞান ও প্রযুক্তি"। করোনাকালীন এই সময়ে বিশেষ ব্যবস্থায় স্বাস্থ্যবিধি মেনে এবারের বিজ্ঞানমেলা অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে সকলের সহযোগিতা একান্ত কাম্য।

## অংশগ্রহণকারীর গ্রুপ বিভাজন-

ক) জুনিয়র গ্রুপ (৬ষ্ঠ থেকে দশম শ্রেণি, হাইস্কুল,মাদ্রাসা ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ এবং বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ)
খ) সিনিয়র গ্রুপ (কলেজ ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ এবং বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ)
গ) বিশেষ গ্রুপ (প্রতিষ্ঠান ভিত্তিক বিজ্ঞান ক্লাব ব্যতীত বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ, তরুণ ও অপেশাদার বিজ্ঞানীগণ এবং বহিরাগত অন্যান্য ব্যক্তিবর্গ)

প্রত্যেক গ্রুপ থেকে প্রতি প্রকল্পে সর্বাধিক **দুই** জন প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবে। প্রতিটি প্রতিষ্ঠান হতে প্রতি গ্রুপ (জুনিয়র / সিনিয়র ) হতে সর্বোচ্চ **৩ টি (তিনটি)** করে প্রকল্প জমা দিতে পারবে এবং একইভাবে অলিম্পিয়াডে সর্বোচ্চ **৩ জন** করে প্রতিযোগী অংশগ্রহন করতে পারবে। আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে আগামী **২৫ অক্টোবর**,২০২০ ইং তারিখের মধ্যে সংযুক্ত রেজিস্ট্রেশন ফরম পূরণপূর্বক অধ্যক্ষ, নটর ডেম কলেজ এর নিকট **ই মেইল মাধ্যমে** জমা দিতে হবে।

উক্ত অনুষ্ঠানে যথা সময়ে আপনি/আপনাদের উপস্থিতি যথা সাধ্য কাম্য।

সংযুক্তি-রেজিস্ট্রেশন ফরম ১ (১ ফর্দ)।

শুভেচ্ছান্তে,

মোঃ বেনজীর আহম্মদ
জেলা শিক্ষা অফিসার, ঢাকা
সম্পাদক, ঢাকা জেলা বিজ্ঞান ও প্রযুক্তি
সপ্তাহ উদযাপন কমিটি, ২০২০

ড. ফা. হেমন্ত পিউস রোজারিও, সি এস সি
অধ্যক্ষ, নটর ডেম কলেজ,ঢাকা
যুগ্ম-সম্পাদক, ঢাকা জেলা বিজ্ঞান ও প্রযুক্তি
সপ্তাহ উদযাপন কমিটি, ২০২০

*৪১ তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ২০২০ এ সংশ্লিষ্ট সকল প্রতিযোগী ,শিক্ষক, কর্মকর্তা, স্বেচ্ছাসেবকদের স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করা হচ্ছে।

যোগাযোগ: মোঃ বেনজীর আহম্মদ, জেলা শিক্ষা অফিসার, ঢাকা, ভিনসেন্ট তিতাস রোজারিও, সমন্বয়ক, ঢাকা জেলা বিজ্ঞান ও প্রযুক্তি, মোবাইল : ০১৭১১১৮৬৬১৬, Email: nationalsciencefair41ds@gmail.com

## ৪১তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড ২০২০

(ঢাকা দক্ষিণ)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। (শিক্ষা শাখা)

---

## প্রতিযোগিতা

১. প্রকল্প প্রদর্শন

- জুনিয়র গ্রুপ (৬ষ্ঠ থেকে দশম শ্রেণি, হাইস্কুল,মাদ্রাসা ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ এবং বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ)
- সিনিয়র গ্রুপ (কলেজ ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ এবং বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ)
- বিশেষ গ্রুপ (প্রতিষ্ঠান ভিত্তিক বিজ্ঞান ক্লাব ব্যতীত বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ, তরুণ ও অপেশাদার বিজ্ঞানীগণ এবং বহিরাগত অন্যান্য ব্যক্তিবর্গ)

২. বিজ্ঞান অলিম্পিয়াড (গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)

## সময়সূচী

**২৫ অক্টোবর , ২০২০ (রবিবার)**

২৫ অক্টোবর , ২০২০ (রবিবার) এর মধ্যে প্রকল্প সমূহ ভিডিও আকারে প্রাথমিক বাছাই এর জন্য জমা দিতে হবে।

**ভিডিও জমা দেওয়ার নিয়মাবলী**

১। ভিডিও SAVE করার ক্ষেত্রে ফাইলের নাম এইভাবে লিখতে হবে।
Senior/Junior – Physical/Biological/IT – name of the project –Name – Institution name – Class - Roll
**Example :** Senior – Physical – Bio gas –Rakibul Hasan – Notre Dame College –XI -12201135

২। ভিডিও টিকে যে কোন GOOGLE Account থেকে DRIVE Link টি ই-মেইল এর মাধ্যমে পাঠাতে হবে। খেয়াল রাখতে হবে যেন DRIVE Link টি উন্মুক্ত থাকে। ( No Restriction ) ।

৩। ভিডিও এর size অনূর্ধ্ব ৫ মিনিট এবং 200 MB এর মধ্যে হতে হবে। ভিডিও এর সাথে একই নাম দিয়ে প্রকল্পের একটি সারাংশ ( Proposal ) Word File (PDF) করে পাঠাতে হবে। এখানে অবশ্যই প্রতিযোগীর নাম, কলেজের নাম, ক্লাশের নাম, রোল নম্বর এবং মোবাইর নম্বর থাকতে হবে।

nationalsciencefair41ds@gmail.com

**২৭ অক্টোবর , ২০২০ (মঙ্গলবার)**

২৭ অক্টোবর , ২০২০ (মঙ্গলবার) মেইল বা মোবাইল এর মাধ্যমে বাছাইকৃত প্রকল্পের প্রতিযোগীদের জানানো হবে এবং ২৯ অক্টোবর , ২০২০ (বৃহস্পতিবার) সকাল ৯.০০ ঘটিকার মধ্যে নটর ডেম কলেজ, ঢাকা ক্যাম্পাসে উপস্থিত থাকতে হবে।

**২৮ অক্টোবর , ২০২০ (বুধবার)**

- সকাল ৯:৩০ - উপস্থিতি।
- সকাল ১০:০০- বিজ্ঞান অলিম্পিয়াড শুরু।
- সকাল ১১:০০ - সমাপ্তি।

৪১তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড ২০২০

(ঢাকা দক্ষিণ)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। (শিক্ষা শাখা)

---

## নিয়মাবলী

১. প্রত্যেক অংশগ্রহণকারী কে নিবন্ধন ফরমের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করতে হবে।

২. প্রতিটি প্রকল্প দলে সর্বাধিক ২ জন অংশগ্রহণকারী অংশগ্রহণ করতে পারবে।

৩. রেজিস্ট্রেশন কার্যক্রম ২৫, অক্টোবর, ২০২০ এর মধ্যে সম্পন্ন করা আবশ্যক।

৪. বাছাইকৃত প্রকল্পের প্রতিযোগীদের প্রকল্প স্থাপন করার জন্য ২৯. অক্টোবর ২০২০ তারিখে সকাল ৯টার মধ্যে নটর ডেম কলেজ প্রাঙ্গণে উপস্থিত থাকতে হবে।

৫. প্রত্যেক অংশগ্রহণকারী যারা প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে তাদের নির্ধারিত স্কুল /কলেজ ইউনিফর্ম পরিধান করতে হবে এবং সাথে নিজস্ব পরিচয়পত্র রাখতে হবে।

৬. প্রতিযোগীদের নিজ প্রতিষ্ঠানের শিক্ষকের তত্ত্বাবধানে ২৮ ও ২৯ অক্টোবর নটরডেম কলেজে আসবে। জনসমাগম এড়ানোর জন্য অভিভাবকদের আগমন নিরুৎসাহিত করা হচ্ছে।

৭. কর্তৃপক্ষের নির্দেশনা অনুসরণ করে প্রকল্পসমূহ স্থাপন করতে হবে।

৮. অংশগ্রহণকারীদের তাদের প্রকল্পের যাবতীয় আনুসাঙ্গিক (আঠা, মাল্টিপ্লাগ, টেপ ইত্যাদি) নিজে আনতে হবে। কর্তৃপক্ষ কোন ধরনের লজিস্টিক সহায়তা প্রদান করবে না।

৯. প্রকল্পে অংশগ্রহণকারীদের প্রদর্শন ও বিচার কাজ চলাকালীন সময় তাদের নিজ নিজ বুথে অবস্থান করতে হবে।

১০. দুপুর দুইটায় কার্যক্রম সমাপ্তি ঘটবে।

### করোনার জন্য বিশেষ নিয়মাবলী

১। কোন অবস্থাতেই মাস্ক খোলা যাবে না।
২। হাত স্যানিটাইজেশনের জন্য ব্যবস্থা থাকবে।
৩। শিক্ষার্থীদের পরস্পর হতে দূরত্ব বজায় রাখতে হবে। এমনকি নিকট বন্ধুদের কাছ থেকেও দূরত্ব বজায় রাখতে হবে।
৪। ভেন্যু প্রতিষ্ঠানের নিয়মাবলী অবশ্যই মেনে চলতে হবে।
৫। কোন দর্শণার্থী থাকবে না।

**৪১ তম বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ২০২০ এ সংশ্লিষ্ট সকল প্রতিযোগী ,শিক্ষক, কর্মকর্তা, স্বেচ্ছাসেবকদের স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করা হচ্ছে।**

ভিনসেন্ট তিতাস রোজারিও
সমন্বয়ক, ঢাকা জেলা বিজ্ঞান ও প্রযুক্তি
সপ্তাহ উদযাপন কমিটি
সহযোগি অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ
পরিচালক নটর ডেম বিজ্ঞান ক্লাব
নটর ডেম কলেজ, ঢাকা

৪১তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড ২০২০

(ঢাকা দক্ষিণ)

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। (শিক্ষা শাখা)

---

### রেজিস্ট্রেশন ফরম

প্রতিষ্ঠানের নাম :

যোগাযোগ:

**প্রকল্প প্রদর্শন (জুনিয়র)**

| নং | প্রকল্পের নাম | শিক্ষার্থীর নাম | শ্রেণী | ফোন নাম্বার |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| | | | | |
| ২ | | | | |
| | | | | |
| ৩ | | | | |
| | | | | |
| | | | | |

**প্রকল্প প্রদর্শন (সিনিয়র)**

| নং | প্রকল্পের নাম | শিক্ষার্থীর নাম | শ্রেণী | ফোন নাম্বার |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| | | | | |
| ২ | | | | |
| | | | | |
| ৩ | | | | |
| | | | | |

৪১তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড ২০২০

(ঢাকা দক্ষিণ)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। (শিক্ষা শাখা)

## রেজিস্ট্রেশন ফরম

প্রতিষ্ঠানের নাম :

যোগাযোগ:

### অলিম্পিয়াড (জুনিয়র)

| নং | শিক্ষার্থীর নাম | শ্রেণী | ফোন নাম্বার |
|---|---|---|---|
| ১ | | | |
| ২ | | | |
| ৩ | | | |

### অলিম্পিয়াড (সিনিয়র)

| নং | শিক্ষার্থীর নাম | শ্রেণী | ফোন নাম্বার |
|---|---|---|---|
| ১ | | | |
| ২ | | | |
| ৩ | | | |